



গতকাল রাজধানীর একটি পরীক্ষা কেন্দ্র

-সংবাদ

এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু, প্রথম দিন অনুপস্থিত ২০ হাজার

নিম্ন বার্তা পরিবেশক

এইচএসসি (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট) সমমান পরীক্ষার প্রথম দিনে সারাদেশে অনুপস্থিত ছিল ১৯ হাজার ৭৫৯ পরীক্ষার্থী। আর কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে বহিকার করা হয়েছে ৪৩ পরীক্ষার্থীকে। এর মধ্যে ছয়জন এইচএসসির, ২৪ জন আলিমের এবং ১৩ জন কারিগরির শিক্ষা বোর্ডের।

গতকাল পরীক্ষা শেষে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কর্মসূচি এই তথ্য জানায়।

এইচএসসির নয়টি সাধারণ ধারার শিক্ষা বোর্ডের অধীনে বাংলা (আবশ্যিক) প্রথম পত্র পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৯ লাখ ৩২ হাজার ৭৯০ জন। এক হাজার ৬০০টি কেন্দ্রে অনুষ্ঠিত এ পরীক্ষায় অংশ নেয় ৯ লাখ ১৮ হাজার ২৭৭ জন পরীক্ষার্থী। সেই হিসেবে অনুপস্থিত ছিল ১৪ হাজার ৫১৩ জন। প্রথম দিনে পরীক্ষায় অনুপস্থিতির হার ১ দশমিক

৫৬ শতাংশ। অসদুপায় অবলম্বনের দায়ে বহিস্থিত ছয়জনের সবাই কুমিল্লা শিক্ষা বোর্ডের।

**প্রশ্নফাঁসের ‘গুজব’
ঠেকাতে ‘সর্বোচ্চ
প্রস্তুতি’**

-শিক্ষা উপদেষ্টা

প্রথম দিনের পরীক্ষায় ঢাকা বোর্ডে অনুপস্থিত ছিল তিন হাজার ৩২৬ জন, চট্টগ্রাম বোর্ডে এক হাজার ২৩০, রাজশাহী বোর্ডে এক হাজার ৮৬৭, বরিশাল বোর্ডে এক হাজার ২৯, সিলেট বোর্ডে ৮২৪, দিনাজপুর বোর্ডে এক হাজার ২৯১, কুমিল্লা বোর্ডে দুই হাজার ৪২৮, ময়মনসিংহ বোর্ডে ৮৮০ এবং যশোর বোর্ডে এক হাজার ৬৩৮ জন পরীক্ষার্থী।

মাদ্রাসা শিক্ষা বোর্ডে অধীনে অনুষ্ঠিত আলিম পরীক্ষায় প্রথম দিনে সারাদেশের কুরআন মাজিদ পরীক্ষা

অনুষ্ঠিত হয়। মোট ৪৫৯টি কেন্দ্রে ৮৪ হাজার ৩১৭ জন পরীক্ষার্থীর অংশ নেয়ার কথা ছিল। কিন্তু পরীক্ষায় অংশ নেয় ৮০ হাজার ১২১ জন। সেই হিসেবে অনুপস্থিত ছিল চার হাজার ১৯৬ জন। অনুপস্থিতির হার ৪ দশমিক ৯৮ শতাংশ।

কারিগরি শিক্ষা বোর্ডে এদিনের বিএম ও বিএমটি, ভোকেশনাল, ডিপ্রোমা ইন কমার্সের দ্বাদশ শ্রেণীর বাংলা-২, একাদশ শ্রেণীর বাংলা-১ পরীক্ষা অনুষ্ঠিত হয়। সারাদেশের ৭৩৩টি কেন্দ্রে ৯৮ হাজার ৯২৪ জন পরীক্ষার্থীর অংশ নেয়ার কথা ছিল। কিন্তু পরীক্ষায় অংশ নিয়েছে ৯৭ হাজার ৮৭৪ জন। সেই হিসেবে অনুপস্থিত ছিল এক হাজার ৫০ জন। অনুপস্থিতির হার ১ দশমিক ০৬ শতাংশ।

**প্রশ্নফাঁসের ‘গুজব’ ঠেকাতে
‘সর্বোচ্চ প্রস্তুতি’:**

সারাদেশে এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে জানিয়ে শিক্ষা উপদেষ্টা

সি আর আবরার বলেছেন, সরকার প্রশ্নফাঁসের গুজব ঠেকাতে এবং নকলজুড় পরিবেশ নিশ্চিত করতে সর্বোচ্চ প্রস্তুতি নিয়েছে। তবে এখন পর্যন্ত এ ধরনের কোনো সমস্যার কথা ‘শোনা’ যায়নি।

পরীক্ষা শেষে ফল প্রকাশে বিলম্ব যেন না হয় সেদিকেও যথোত্তম রাখা হচ্ছে বলে জানিয়েছেন উপদেষ্টা।

তিনি গতকাল সকালে রাজধানীর ভাসানটেক সরকারি কলেজ ও সরকারি বাঙ্গলা কলেজ কেন্দ্র পরিদর্শন শেষে এ মন্তব্য করেন।

পরীক্ষার প্রথম দিন থেকেই কেন্দ্রগুলোতে সুষ্ঠু পরিবেশ বিরাজ করছে জানিয়ে উপদেষ্টা বলেন, পরীক্ষার্থীরা সময়মতো কেন্দ্রে পৌছেছে এবং নির্ধারিত নিয়মে পরীক্ষা শুরু হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনী, শিক্ষা প্রশাসন ও সংশ্লিষ্ট সবার সমর্থিত প্রচেষ্টায় একটি সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিত করা সম্ভব হচ্ছে বলেও শিক্ষা উপদেষ্টা

► পৃষ্ঠা : ২ ক : ১

এইচএসসি ও সমমান

(১২ পৃষ্ঠার পর)

জানান। সময় সংশ্লিষ্ট কেন্দ্রের
অধ্যক্ষ, কেন্দ্র সচিব, কক্ষ পরিদর্শক ও
আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর
সদস্যরাও উপস্থিত ছিলেন। গতকাল
সকাল ১০টা সারাদেশে একযোগে
কর্তৃ হয়েছে ২০২৫ সালের এইচএসসি
ও সমমান পরীক্ষা। লিখিত পরীক্ষা
চলবে ১০ আগস্ট পর্যন্ত। এবারের
পরীক্ষায় অংশ নিচ্ছে ১২ লাখ ৫১
হাজার ১১১ জন শিক্ষার্থী।